



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd



স্মারক নং ৩১.০২.০০০০.০১১.০৮.০০২.২০.৪৪৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

বিষয় : অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ে যথাযথ কার্যক্রম ও হালনাগাদ তথ্যাদি প্রেরণ।

- সূত্র : ১) ডুঃমঃ/শা-১/মপবি-০২/২০০৯/১০১৭, তারিখ : ২০-৮-০৯ খ্রিঃ
২) মপবি/গসসে/সুশাসন(অভিযোগ-ফোকাল পয়েন্ট)/৫৪/২০০৭/৮২৮, তারিখ: ১৯-৭-০৯ খ্রিঃ
৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নাম্বর- ৩১.০০.০০০০.০০০.৯৯.০০১.২০.৫, তারিখ : ২৫-০১-২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের প্রেক্ষিতে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ও হালনাগাদ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে নির্ধারিত 'ছক' মোতাবেক প্রস্তুতপূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ছক-১ (এক) পাতা।

Muhammad Rafiqul Islam


(মুহাম্মদ রফিকুল ইসলাম)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৮১৭০১৫২
ই-মেইল: alrc1@lrb.gov.bd

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ছক

মাসের নাম: সেপ্টেম্বর, ২০২১

অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা	তিন মাসের উর্ধ্বে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা	ছয় মাসের উর্ধ্বে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা	মন্তব্য
০৩টি	০৩টি	-	-	-	<p>১। এলাকাস্বাসীর পক্ষে জনাব মঞ্জুর আহমেদ গোলাপ, পিতা- মৃতঃ করিম বক্স, সাং- পাঁচপুর, আত্রাই, নওগাঁ কর্তৃক নওগাঁ জেলাধীন আত্রাই উপজেলার ভোপাড়া-পাঁচপুর ইউনিয়ন ভূমি অফিসের সহকারী তহশীলদার জনাব মোঃ জাকির হোসেনের বিরুদ্ধে ব্যপক অনিয়ম, স্বেচ্ছাচারিতা, দুর্নীতি এবং সর্বশেষ ভূমি উন্নয়ন করের দাখিলার (চেক বই) বহির পাতা ছিড়ে অন্যত্র বিক্রি করে বিষয়টি ধামা চাপা দেওয়ার চেষ্টায় সরকারের খাজনা আদায়ের বই বিক্রির দায়ে খুব তাড়াতাড়ি তাকে গ্রেফতার করে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট হস্তান্তর করার জোড় দাবি জানিয়ে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড বরাবর আবেদন প্রেরণ করেছেন।</p> <p>উক্ত অভিযোগের বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: অত্র কার্যালয়কে অবহিত করার জন্য ১৩-০৯-২০২১ খ্রি. তারিখের ৩১.০২.০০০০.০১১.১৩.০০৩.২০.৩৫৫ নং স্মারকে জেলা প্রশাসক, নওগাঁকে অনুরোধ করা হয়েছে।</p> <p>২। এলাকাস্বাসীর পক্ষে জনাব নকুলচন্দ্র বৈদ্যসহ আরো ০৭ সাত জনের স্বাক্ষরিত আবেদনটি এ সাথে প্রেরণ করা হলো। ইউনিয়ন ভূমি অফিস আমাদী, কয়রা এর প্রাক্তন উপ সহকারী ভূমি কর্মকর্তা প্রহলাদ রায়ের বিরুদ্ধে ঘুষ, দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগ উত্থাপন করে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড বরাবর অভিযোগ পত্র প্রেরণ করেছেন।</p> <p>উক্ত আবেদনের ছায়ািলিপি নিষ্পত্তির জন্য ২৩-০৯-২০২১ খ্রি. তারিখ ৩১.০২.০০০০.০১১.১৩.০০৩.২০.৪০২ নং স্মারকে জেলা প্রশাসক, খুলনাকে অনুরোধ করা হয়েছে।</p> <p>৩। ১) জনাব পিয়ার হোসেন খান, পিতা: ওমর আলী। ২) মনির হোসেন খান, পিতা-মৃত মোবারক খান, সর্ব সাং- উত্তর কেওয়ার থানা ও জেলা- মুন্সীগঞ্জ কর্তৃক মুন্সীগঞ্জ জেলার সদর উপজেলাধীন উত্তর কেওয়ার গ্রাম নিবাসী মৃত জয়নাল খানের পুত্র সালাউদ্দিন খান (সেন্টু) ডিসি অফিসের পিয়ন এর বিরুদ্ধে অবৈধ উপায়ে অঢেল ধন সম্পদ অর্জনের অভিযোগ করে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড বরাবর আবেদন প্রেরণ করেছেন।</p> <p>উক্ত অভিযোগের বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: অত্র কার্যালয়কে অবহিত করার জন্য ২৩-০৯-২০২১ খ্রি. তারিখের ৩১.০২.০০০০.০১১.১৩.০০৪.২০.৪০১ নং স্মারকে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জকে অনুরোধ করা হয়েছে।</p>



(মুহাম্মদ রফিকুল ইসলাম)

সহকারী ভূমি সংস্কার কমিশনার

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন: ০২- ৮১৭০১৫২

ই-মেইল-alrc1@lrb.gov.bd